



Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

March 29, 2011

Bangladesh Embassy in Washington DC Celebrates 40th anniversary of Independence & National Day

As part of the celebration of the 40th anniversary of Independence and National day, the Embassy of Bangladesh hosted a reception at *Bangabandhu* auditorium of the Embassy yesterday evening (March 28, 2011). Bangladesh Ambassador to USA and State Minister Mr. Akramul Qader, Mrs. Rifat Sultana Akram and officers of the Embassy welcomed the guests. Paying rich tributes to the Father of the Nation *Bangabandhu* Sheikh Mujibur Rahman, Ambassador Qader, in his speech, recalled his (*Bangabandhu's*) historic leadership in achieving the independence of the country. He also said that Bangladesh would not come into being in 1971 had *Bangabandhu* not born. Ambassador Qader also paid respect to the Martyrs of the war of Independence who made supreme sacrifices to liberate the country.

The Bangladesh Ambassador said that the government of Prime Minister Sheikh Hasina set the target of graduating Bangladesh into a middle-income country by 2021 which will coincide the golden jubilee of Bangladesh's independence. He expressed gratitude for the support of the people of the US during the crucial time of the Independence war. Referring to US-Bangladesh relations, Ambassador Qader said that the relations are based on shared ethos of democracy and development. He reiterated Bangladesh's commitment to further strengthening the relations in width and dimensions. The Bangladesh Ambassador in particular mentioned that Bangladesh is partnering with the

United States on the four Presidential initiatives of the Obama administration; Global Health, food security, global climate change and engagement with Muslim communities.

Assistant Secretary of State at the Bureau of South and Central Asia Affairs at the US Department of State Ambassador Robert O' Blake in his remarks conveyed greetings from President Obama and Secretary of State Hillary Clinton on the occasion of Bangladesh's National and Independence Day. Expressing satisfaction at the current state of bilateral relations covering wide range of areas, Ambassador Blake also reiterated the US' commitment to work closely with Bangladesh to further strengthen the relations. On the recent impasse centering on Dr. Yunus and Grameen Bank, Ambassador Blake mentioned that the US administration still has the conviction that the matter would be resolved amicably to the satisfaction of all parties.

Dignitaries from the US Government, members of the Washington-based diplomatic corps, representatives from leading think-tanks, academics, business leaders, media personalities and a large number of expatriate Bangladesh nationals, among others, attended the reception. The guests were served with traditional Bangladeshi cuisine.

Earlier in the morning of March 26, 2011, the national flag of Bangladesh was ceremonially hoisted on the Embassy premises by Ambassador Akramul Qader. Messages from the Hon'ble President, Hon'ble Prime Minister and Hon'ble Foreign Minister were also read out. A special munajat was also offered seeking eternal peace of the departed souls who made supreme sacrifices during the war of Independence. The Embassy of Bangladesh is publishing a souvenir to mark the Independence and National Day 2011.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail: pressministerwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

মার্চ ২৯, ২০১১

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে ৪০ তম স্বাধীনতা দিবস পালিত

যথাযোগ্য মর্যাদায় ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে ৪০তম স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে ২৮ মার্চ সন্ধ্যায় দূতাবাসে একটি সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের এবং রাষ্ট্রদূতপত্নী মিসেস রিফাত সুলতানা আকরাম দূতাবাসে অতিথিদের স্বাগত জানান। রাষ্ট্রদূত কাদের তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে মহান স্বাধীনতা যুদ্ধে আত্মোৎসর্গকারী মুক্তিযোদ্ধাদের পবিত্র স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বাংলাদেশের সুদীর্ঘ মুক্তিসংগ্রামে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভূমিকার কথাও গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। যে সকল মার্কিন নাগরিক বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সংকটপূর্ণ সময়ে বাংলাদেশের পাশে দাঁড়িয়েছিলেন রাষ্ট্রদূত কাদের প্রতি শ্রদ্ধার্পন কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। রাষ্ট্রদূত কাদের আরও বলেন যে বাংলাদেশ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সম্পর্ক ঐতিহাসিক যা বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে যেমন-গণতন্ত্র, পারস্পরিক যোগাযোগ, সন্ত্রাসবাদ মোকাবেলা, বাণিজ্য, বিনিয়োগ ইত্যাদি বিস্তৃত। রাষ্ট্রদূত কাদের তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্য আয়ের রাষ্ট্রে উন্নীত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে এবং বাংলাদেশের প্রচেষ্টায় মার্কিন যুক্তরাষ্ট্রসহ সকল বন্ধু রাষ্ট্র ও উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের সহযোগিতা অত্যাাবশ্যিক।

মার্কিন পররাষ্ট্র দফতরের দক্ষিণ ও মধ্য এশিয়া ব্যুরোর প্রতিমন্ত্রী রাষ্ট্রদূত রবার্ট ও' ব্লেইক রাষ্ট্রদূত কাদের- এর সাথে যোগ দেন এবং বাংলাদেশের মহান স্বাধীনতা দিবস উপলক্ষে মার্কিন রাষ্ট্রপতি বারাক ওবামা ও পররাষ্ট্রমন্ত্রী হিলারী ক্লিনটনের পক্ষ থেকে বাংলাদেশের সকল নাগরিক ও প্রবাসী বাংলাদেশীদেরকে অভিনন্দন জানান। রাষ্ট্রদূত ব্লেইক তাঁর বক্তব্যে বর্তমান গণতান্ত্রিক সরকারের বিভিন্ন সাফল্য যেমন : অর্থনৈতিক উন্নয়ন, জাতিসংঘ সহস্রাব্দ লক্ষ্যমাত্রা অর্জন, সন্ত্রাস নিরোধ এবং বিশ্ব শান্তি রক্ষায় বাংলাদেশের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। তিনি আরও বলেন যে বাংলাদেশ বিশ্বের অল্প কয়েকটি দেশের একটি যে বর্তমান মার্কিন প্রশাসনের চারটি গুরুত্বপূর্ণ উদ্যোগ যথা-বিশ্ব স্বাস্থ্য, খাদ্য নিরাপত্তা, বিশ্ব জলবায়ু পরিবর্তন এবং মুসলিম দেশসমূহের সাথে

সম্পর্ক উন্নয়ন ইত্যাদির সাথে সম্মুক্ত। গ্রামীণ ব্যাংক ও ডঃ ইউনুস বিষয়ক বর্তমান পরিস্থিতি সম্পর্কে রাষ্ট্রদূত ব্লেইক বলেন, মার্কিন প্রশাসন মনে করে, এ বিষয়ে সকল পক্ষের নিকট গ্রহণযোগ্য একটি সমাধান অর্জিত হবে।

অন্যান্যের মধ্যে মার্কিন সরকারের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, ওয়াশিংটনভিত্তিক বিভিন্ন কূটনৈতিক মিশনের প্রতিনিধিবর্গ, ওয়াশিংটনভিত্তিক গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ, ব্যবসায়ী, সাংবাদিক এবং বাংলাদেশী বংশোদ্ভূত মার্কিন নাগরিকরা সমর্থনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অতিথিবর্গকে বাংলাদেশের ঐতিহ্যবাহী খাবার পরিবেশন করা হয়।

এর আগে বাংলাদেশের রাষ্ট্রদূত ২৬ মার্চ ২০১১ সকালে দূতাবাসে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন। অনুষ্ঠানে দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করে শোনানো হয়। ঐ দিন সকালের অনুষ্ঠানশেষে মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং দেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। দিবসটি উপলক্ষে বাংলাদেশ দূতাবাস একটি স্মরণিকা প্রকাশ করতে যাচ্ছে।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : pressministerwash@yahoo.com